

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জগন্নাথ হলে ঘুমন্ত অবস্থায় অমিত সরকার নামে এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনসিটিউটের ২০১৩-১৪ সেশনের শিক্ষার্থী ছিলেন। হল প্রভোস্ট অধ্যাপক ড. নিহির লাল সাহা বিষয়টি নিশ্চিত করেছেন। হল প্রভোস্ট বলেন, গত সোমবার রাতে খাওয়া শেষ করে অমিত ঘুমিয়েছিল। গতকাল মঙ্গলবার সকালে তার বন্ধুরা তাকে ঘুম থেকে ওঠার জন্য ডাকলে কোনো সাড়া দিচ্ছিল না। অনেক চেষ্টা করেও তাকে ঘুম থেকে তুলতে না পেরে, দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া এবং আমাকে জানায়। বেলা ১১টার দিকে তার সহপাঠীরা ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ওই শিক্ষার্থীর ইসিজি পরীক্ষা করেন। সেখানে কোনো রেস্পন্স না পেলে, তারা তাকে মৃত ঘোষণা করেন।